



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়  
সালনা, গাজীপুর ১৭০৬


শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-বশেমুরক্বি/প্রশা:/এন-০৯ (অংশ-১)/২০২১/২২৯৭

তারিখ: ০২/১০/২০২২

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে বশেমুরক্বি টানা দ্বিতীয়বার প্রথম স্থান  
অর্জন করায় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অভিনন্দন**

দেশের ৪৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক মূল্যায়নে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরক্বি) দ্বিতীয়বারেও প্রথম স্থান অর্জন করেছে। এ অসাধারণ সাফল্যে বশেমুরক্বি পরিবার অত্যন্ত আনন্দিত ও গর্বিত। দেশ সেরা এ অর্জনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারী সকলের আন্তরিক প্রচেষ্টা ও সর্বাঙ্গিক সহযোগিতার জন্য ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ গিয়াসউদ্দীন মিয়া সকলকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানিয়েছেন। একই সাথে বিশ্ববিদ্যালয়কে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য কৃষিবান্ধব সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, ইউজিসি ও সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

  
মো. সিরাজুল ইসলাম তালুকদার  
রেজিস্ট্রার